

শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সেবা শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬২.০২.০০২.২০.২৯৩

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৭

২৮ জুলাই ২০২০

বিষয়: চলতি অর্থ বছরে (২০২০-২০২১) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং এর অধীন অধিদপ্তর/দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে বিভিন্ন ধরনের ঋণ ও অগ্রিম মঞ্জুরি প্রদান।

শিক্ষা মন্ত্রণালয়-এর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অনুকূলে চলতি অর্থবছরে (২০২০-২০২১) গৃহ নির্মাণ/গৃহ মেরামত, কম্পিউটার, মোটরগাড়ি, মোটর সাইকেল এবং বাইসাইকেল বাবদ ঋণ ও অগ্রিম খাতে বরাদ্দকৃত অর্থ হতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং এর অধীন অধিদপ্তর/দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন ধরনের ঋণ ও অগ্রিম প্রদানের লক্ষ্যে আবেদন নিম্নোক্ত শর্তে আগামী ১৫.০৯.২০২০ তারিখ অফিস সময়ের মধ্যে স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ অগ্রায়নপত্র (ফরোয়ার্ডিং লেটার)-এর মাধ্যমে নামযুক্ত সীলসহ এ বিভাগের সেবা শাখায় সরাসরি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক)	উন্নয়ন প্রকল্পের কোন কর্মকর্তা/কর্মচারী অগ্রিম ঋণের জন্য কোন আবেদন করতে পারবেন না;
(খ)	অগ্রিম ঋণ প্রাপ্তির জন্য সরকারি চাকরি কমপক্ষে ০৫ (পাঁচ) বছর পূর্ণ হতে হবে;
(গ)	সুদসহ গৃহ নির্মাণ অগ্রিম আদায় না হওয়া পর্যন্ত গৃহ মেরামত অগ্রিম প্রদান করা হবে না;
(ঘ)	যাদের মূল বেতন ৬,০০০/- (ছয় হাজার) টাকা বা এর উর্ধ্বে তাঁরা মোটর গাড়ি অগ্রিম গ্রহণের জন্য আবেদন করতে পারবেন;
(ঙ)	আবেদনকারী পূর্বে এ ধরনের কোন ঋণ গ্রহণ করেননি এবং অগ্রিম প্রদান করা হলে তা যথাযথভাবে কর্তন করা হবে মর্মে অফিস প্রধান কর্তৃক নামযুক্ত সীলসহ প্রত্যয়ন দিতে হবে;
(চ)	গৃহ নির্মাণ, কম্পিউটার, মোটরগাড়ি এবং মোটর সাইকেল অগ্রিম গ্রহণের ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে বায়নাপত্র প্রদান করতে হবে। আবেদনকারীর বয়স প্রমাণের লক্ষ্যে ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তার এস.এস.সি সনদপত্রের এবং ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের সার্ভিস বইয়ের ৩য় ও ৪র্থ পাতাসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র কর্মকর্তার নামযুক্ত সীলসহ সত্যায়িত কপি প্রদান করতে হবে;
(ছ)	অগ্রায়নপত্রে এ বিভাগের জারীকৃত পত্রের স্মারক নং এবং তারিখ অবশ্যই উল্লেখ থাকতে হবে।

২৮-৭-২০২০

মোঃ শামসুল আলম

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৫৮৫৫১

ইমেইল: as.admin2@moedu.gov.bd

বিতরণ :

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬২.০২.০০২.২০.২৯৩/১(১৪)

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৭

২৮ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
- ৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নোয়েম), নিউমার্কেট, ঢাকা।
- ৫) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী-নীলক্ষেত, ঢাকা।
- ৭) চেয়ারম্যান, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।
- ৮) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৯) যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০) উপসচিব/উপপ্রধান (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ১৩) জেলা শিক্ষা কর্মকর্তা (সকল), জেলা শিক্ষা অফিসারের কার্যালয় (সকল)।
- ১৪) অফিস কপি।